

ঢাকা ওয়াসা

- ০১। মডুস জোন-৯ এর ২০২৬-২০২৭ অর্থবছরের বাজেট বরাদ্দের অনুলিপি।
০২। আলোচ্য কাজের স্কেচ/কসডা নকশা।
০৩। পিপিআর-২০২৫ এর প্রাসঙ্গিক বিধির অনুলিপি।
০৪। ঢাকা ওয়াসার আর্থিক ক্ষমতা অর্পণ (Sub-Delegation of Financial Power) সংক্রান্ত অফিস আদেশ।
০৫। ওয়াসা লিংক 16162 হতে প্রাপ্ত অভিযোগের অনুলিপি।
০৬। আলোচ্য স্থানের আলোকচিত্র।
০৭। প্রাক্কলন।

বিষয়: Repairing Of HDPE Water Line Leakage of Child laboratory School, Faydabad Transmitter area under MODS Zone-9 (DMA-911/B) Dhaka WASA. শীর্ষক কাজের প্রাক্কলন অনুমোদন প্রসঙ্গে।

০১। উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, মডুস জোন-৯ এর আওতাধীন DMA-911/B এলাকার, গনকরস্থান রোড এর চাইল্ড ল্যাবরেটরী স্কুল এর সম্মুখে বিদ্যমান ১৬০ মি.মি. ব্যাসের পানি সরবরাহ লাইনে ০২ (দুই)টি হেভি লিকেজ সৃষ্টি হয়েছে (সংযুক্তি-০২)। ফলশ্রুতিতে উক্ত লাইন হতে বিপুল পরিমাণ সুপেয় পানির অপচয় হচ্ছে এবং আশপাশের এলাকায় জলাবদ্ধতা বা Water logging এর সৃষ্টি হচ্ছে (সংযুক্তি-০৬)। পানি অপচয় সাময়িকভাবে নিয়ন্ত্রণের লক্ষ্যে সংশ্লিষ্ট স্লুইচ ভালভসমূহ বন্ধ রাখা হয়েছে। তবে, এর ফলে উক্ত এলাকায় পানি সরবরাহ মারাত্মকভাবে বিঘ্নিত হচ্ছে। এছাড়াও, লিকেজের পরিমাণ ক্রমান্বয়ে বৃদ্ধি পাওয়ায় রাস্তাঘাট প্লাবিত হয়ে জনসাধারণ ও যানবাহনের স্বাভাবিক চলাচলে বিঘ্ন সৃষ্টি হচ্ছে। এ বিষয়ে এলাকাবাসী 16162, দুরালোপনে ও সশরিরে অফিসে উপস্থিত হয়ে একাধিক অভিযোগ দাখিল করেছেন (সংযুক্তি-০৫)। লিকেজসমূহ দ্রুত মেরামত করা না হলে ঢাকা ওয়াসার Non-Revenue Water (NRW)-এর পরিমাণ বৃদ্ধি পাবে এবং মূল্যবান সুপেয় পানির অপচয় অব্যাহত থাকবে। পানি অপচয় রোধ, স্বাভাবিক পানি সরবরাহ পুনঃস্থাপন এবং জনদুর্ভোগ নিরসনের লক্ষ্যে জরুরী ভিত্তিতে লিকেজসমূহ মেরামত করা একান্ত প্রয়োজন। এ উদ্দেশ্যে ঢাকা ওয়াসার রেট সিডিউল, গনপূর্ত রেট সিডিউল-2022 এবং পূর্বানুমোদিত দর অনুযায়ী প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে। প্রস্তুতকৃত প্রাক্কলনের মোট মূল্য ট-৪৯,৩১৯.২৪/- (উনপঞ্চাশ হাজার তিনশত উনিশ দশমিক দুই চার) টাকা মাত্র (সংযুক্তি-০৭)। কাজটি অনুমোদিত হলে এর ব্যয় মডুস জোন-৯ এর ২০২৬-২০২৭ অর্থবছরের প্রাক্কলিত ও অনুমোদিত বাজেটের "Water Line Maintenance" খাত হতে নির্বাহ করা হবে (সংযুক্তি-০১)। পরবর্তীতে কাজটি এপিপি-এর "Water Line Maintenance" খাতের থেকে বরাদ্দের আওতায় সমন্বয় করা হবে।

০২। **এমতাবস্থায়, Repairing Of HDPE Water Line Leakage of Child laboratory School, Faydabad Transmitter area under MODS Zone-9 (DMA-911/B) Dhaka WASA.** কাজটি জরুরি ভিত্তিতে বাস্তবায়নের লক্ষ্যে প্রাক্কলিত ট-৪৯,৩১৯.২৪/- (উনপঞ্চাশ হাজার তিনশত উনিশ দশমিক দুই চার) টাকা মাত্র পিপিআর-২০২৫ এর বিধি ৯৯(১)ডে অনুযায়ী DPM পদ্ধতিতে M/S Ayat Enterprise কর্তৃক বাস্তবায়নের অনুমোদন দেওয়া যেতে পারে যা ঢাকা ওয়াসা বোর্ড কর্তৃক অনুমোদিত Sub-Delegation of Financial Power অনুযায়ী প্রধান প্রকৌশলী মহোদয়ের অনুমোদনযোগ্য আর্থিক ক্ষমতার আওতাভুক্ত (সংযুক্তি-০৪)।

[Signature]
29.7.26
জাহিরুল ইসলাম
উপ-সহকারী প্রকৌশলী
মডুস জোন-৯
ঢাকা ওয়াসা

[Signature]
SDE
29/07/26
মোঃ দেলোয়ার হোসেন
উপ-বিভাগীয় প্রকৌশলী
মডুস জোন-৯
ঢাকা ওয়াসা

[Signature]
29/07/26
জুনায়েদ আবু ইয়াসীর
নির্বাহী প্রকৌশলী
মডুস জোন-৯, ঢাকা ওয়াসা

SEC(MODS-2)

[Signature]
02/06/26
প্রকৌশলী, মোঃ শাহ আলম
উত্তরাবধায়ক প্রকৌশলী
মডুস সার্কেল-২, ঢাকা ওয়াসা।

SG/MODS-2
EE, MODS Zone-9
02/06/26

[Signature]
02.06.2026
আলমগীর হাছিন আহমেদ
প্রধান প্রকৌশলী
ঢাকা ওয়াসা।